# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd


ISO 9001:2015

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০২.০০৮.২৫. ২০২৭

তারিখঃ- ৩১ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ।
১৪ মে, ২০২৫ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নবর্ণিত শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত প্রকৃত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | কুক-কাম কেয়ার টেকার | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৫,৫০০.০০ টাকা হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ০১ (এক) টি (কম/বেশী হতে পারে) | ০৪/০৬/২০২৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বছর। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি বা সমমানের পরীক্ষা পাশের সার্টিফিকেটে উল্লিখিত বয়স গ্রহণযোগ্য হবে। | ক) এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত,কর্মঠ, মার্জিত ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>ঘ) যে কোনো স্বনামধন্য প্রতিষ্ঠানে বাবুর্চি হিসেবে নূন্যতম চার বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) দেশীয় ও পশ্চিমা সব ধরনের খাবার রান্না করার দক্ষতা ও সক্ষমতা থাকতে হবে। |

**শর্তাবলীঃ-**

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট http://pbs.chapainawabganj.gov.bd/ অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক (পূরণযোগ্য প্রবেশ পত্রসহ) স্বহস্তে যথাযথভাবে পূরণ করে আগামী ০৪/০৬/২০২৫খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি হাতে হাতে কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদন পত্রে নিম্নোক্ত কাগজাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম, পদবী ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়);
(খ) অভিজ্ঞতা সনদপত্র।
(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ সত্যায়িত ফটোকপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/ মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(চ) প্রথম শ্রেণীর অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ছ) জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে;
(জ) খামের উপর অবশ্যই বড় অক্ষরে প্রার্থীর পদের নাম ও নিজ জেলার নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৩। ০৪/০৬/২০২৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স নূন্যতম ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ায় অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৬। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিত অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশন" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ স্বীকৃত মেডিকেল অফিসার/ পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে), বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৮। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এছাড়াও অত্র সমিতির ভৌগোলিক এলাকা তথা চাঁপাইনবাবগঞ্জ জেলা এবং নওগাঁ জেলার পোরশা ও নিয়ামতপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী/বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যে কোন সময়ে উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৯। প্রতারণা মুলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১০। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরবর্তীতে ঐ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রতায়ণামূলক অথবা তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৩। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সময় সময় জারীকৃত নীতিমালা এবং নির্দেশাবলী অনুসরণ করা হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। নিয়োগ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ছাড়াও বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন কোন বিষয়ের উদ্ভব হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪/৫/২৫

(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------------------------পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/শিবগঞ্জ/নাচোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৬। এজিএম (ওএন্ডএম), মহারাজপুর/সাহাপাড়া সাব-অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৭। এজিএম (প্রশাসন/এইচ.আর/ইএন্ডসি/ওএন্ডএম-সদর/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৮। এজিএম (আইটি), চাঁপাইনবাবগঞ্জ পবিস **(অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
০৯। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১০। অফিস/মাস্টার কপি।

১৪/৫/২৫

(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

E:\Administration Human Resources\AGM HR\02.008 নিয়োগ, যোগদান, পদোন্নতি\02.008-নিয়োগ বিজ্ঞপ্তি-- VOL-2.doc

ফরম নং- পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪

## চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর কুক-কাম কেয়ার টেকার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -

০২. আবেদনকৃত পদের নাম :

০৩. পদের ধরণঃ স্থায়ী

-----------------------------------
০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

-----------------------------------
০৫. প্রকাশনার তারিখ

-----------------------------------
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

-----------------------------------
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

-----------------------------------
০৭. জন্ম তারিখ (------- পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

-----------------------------------
০৮. মাতার নাম

-----/------/-------------(দিন/মাস/বছর)
০৯. বয়স (০৪/০৬/২০২৫) ইং তারিখ )

-----------------------------------
১০. পিতার নাম

-----------------------------------
১১. ধর্ম

-----------------------------------
১২. জাতীয়তা

-----------------------------------
১৩. নিজ জেলা

-----------------------------------
১৪. টেলিফোন/মোবাইল ফোন নং

-----------------------------------
১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন):

| | | | |
|---|---|---|---|
| | বিবাহিত | | অবিবাহিত |

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে (√)টিক দিন):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানাঃ

-------------------------
ক. গ্রাম/সড়ক/বাড়ী

-------------------------
খ. ডাকঘর

-------------------------
গ. উপজেলা/থানা

-------------------------
ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

-------------------------
ক. গ্রাম/সড়ক/বাড়ী

-------------------------
খ. ডাকঘর

-------------------------
গ. উপজেলা/থানা

-------------------------
ঘ. জেলা

-------------------------
১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার

-------------------------
২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল্য

-------------------------
২১. ইস্যুর তারিখ



খ.ম. কুদরত-ই-এলাহী
এজিএম (মানব সম্পদ)
চাঁপাইনবাবগঞ্জ পবিস

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর /পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রাপ্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করিতেছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

--------------------------------------- তারিখ

---------------------------------- আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

**চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
**নয়ালোলা, চাঁপাইনবাবগঞ্জ।**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

**লিখিত/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার**

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর রোল নম্বর : ----------------------------------------------------------

পরীক্ষার তারিখ : ----------------------------------------------------------

পরীক্ষার সময় : ----------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ----------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ----------------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর : --------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয় )

পদের নাম : ----------------------------------------------------------

প্রার্থীর নাম : ----------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক :

পিতা/ প্রযত্নেঃ----------------------------------------------------------

গ্রামঃ------------------------------------------ডাকঘরঃ--------------------

উপজেলাঃ------------------------------------জেলাঃ-----------------------

মোবাইল নম্বরঃ ------------------------------

৩

খ.ম. কুদরত-ই-এলাহী
এজিএম (মানব সম্পদ)
চাঁপাইনবাবগঞ্জ পবিস

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারন নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পূনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এছাড়া পরীক্ষা কক্ষে কোন ধরনের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ.ম. কুদরত-ই-এলাহী
এজিএম (মানব সম্পদ)
চাঁপাইনবাবগঞ্জ পবিস